



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের পক্ষে দেশের বিভিন্ন আদালতে মামলা/রিট মামলা পরিচালনার নিমিত্তে আইনজীবীদের প্যানেল তৈরীর জন্য আইন পেশায় নিয়োজিত দক্ষ ও নিষ্ঠাবান বাংলাদেশী নাগরিকদের নিকট হতে চবক এর নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রচলিত সরকারী নির্দেশাবলী/বিধিমোতাবেক এই নিয়োগ প্রদান করা হবে।

মামলার গ্রুপ :

- (ক) রিট, সংস্থাপন ও শ্রমবিরোধ মামলা।
- (খ) অ্যাডমিরালটি স্যুট।
- (গ) মানিস্যুট সংক্রান্ত মামলা/মোকদ্দমা।
- (ঘ) দেওয়ানী মামলা।
- (ঙ) ফৌজদারী মামলা।

রেইট অব ফি :

মানিস্যুট মামলার ক্ষেত্রে রেইট অব ফি চবক বোর্ডের ২৩/০১/৮৬ তারিখের ১১৫৩ নং সিদ্ধান্ত মোতাবেক এল আর ম্যানুয়েল অনুযায়ী সর্বশেষ সংশোধনী অনুযায়ী প্রদেয় হবে। বাংলাদেশ সুপ্রীমকোর্টে রিট মামলা, অ্যাডমিরালটি স্যুট ও অন্যান্য মামলা/মোকদ্দমা পরিচালনার ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবীগণের রেইট অব ফি এবং অধস্তন আদালতে পরিচালনার ক্ষেত্রে আইনজীবীদের রেইট অব ফি চবক কর্তৃক নির্ধারিত রেইট অনুযায়ী প্রদেয় হবে।

যোগ্যতা :

- (১) প্রার্থীকে অনুমোদিত ও স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে এল.এল.বি ডিগ্রী ধারী হতে হবে।
- (২) ফৌজদারী মামলা পরিচালনায় ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে ;
অথবা
দেওয়ানী মামলা পরিচালনায় নিরবিচ্ছিন্নভাবে কমপক্ষে ১০ (দশ) বৎসরের (হাইকোর্টে মামলা পরিচালনায় কমপক্ষে ০৭ (সাত) বছরের অভিজ্ঞতাসহ) অভিজ্ঞতা থাকতে হবে।
- (৩) অবসরপ্রাপ্ত জেলা জজ বৎসর বর্তমানে যারা আইনজীবী হিসাবে প্র্যাকটিস করছেন, তাঁরাও প্যানেল আইনজীবী নিয়োগের জন্য আবেদন করতে পারবেন ;
- (৪) অবশ্যই শারীরিক এবং মানসিকভাবে সুস্থ হতে হবে ;

উপরে উল্লেখিত ৫টি গ্রুপের মামলার চট্টগ্রামস্থ বিভিন্ন আদালতে, বাংলাদেশ সুপ্রীমকোর্ট ও দেশের অন্যান্য জেলা জজ আদালতে মামলা/ মোকদ্দমা পরিচালনার জন্য পৃথক পৃথক ০৫টি প্যানেল তৈরী করা হবে। প্রার্থীকে অবশ্যই মামলার নির্দিষ্ট গ্রুপ এবং আদালতের নাম (চট্টগ্রাম জজ কোর্ট/ঢাকা জজ কোর্ট/বাংলাদেশ সুপ্রীম কোর্ট) উল্লেখ পূর্বক পৃথক পৃথক গ্রুপের জন্য আবেদন করতে হবে। প্রতিটি আবেদন পত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, স্থানীয় বার-এ যোগদানের সনদ, হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসাবে অন্তর্ভুক্তি সনদ এবং অন্যান্য প্রাসঙ্গিক সনদ পত্রের ০২ কপি করে দাখিল করতে হবে।

প্রতিটি দরখাস্তের সাথে ১০০/- (একশত) টাকা মূল্যের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তার বরাবরে অবশ্যই প্রেরণ করতে হবে। দরখাস্তের ফরম এবং চবক কর্তৃক নির্ধারিত রেইট অব ফি এর কপি www.cpa.gov.bd ওয়েব সাইট হতে সংগ্রহ করা যাবে। চবক এর নির্ধারিত রেইট অব ফি তে মামলা/ মোকদ্দমা পরিচালনা করতে সম্মত আছেন এই মর্মে একটি ঘোষণা পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে।

আবেদনপত্র আগামী ৩১/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট অবশ্যই দাখিল করতে হবে। ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের বিজ্ঞপ্তি মোতাবেক পুনঃ আবেদন দাখিল করতে হবে।

স্বাক্ষরিত-

(মোঃ মমিনুর রশিদ)

পরিচালক(প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

ফোন : ২৫১০৮৭৪

তারিখঃ /০১/২০২২ খ্রিঃ

নং-১৮.০৪.০০০০.১৮১ ১১.০০৯-২০১৫/১ ৬৮



চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
প্যানেল আইনজীবী নিয়োগের আবেদন ফর্ম :

- ১। নাম :
- ২। পিতার নাম :
- ৩। মাতার নাম :
- ৪। যোগাযোগের জন্য বর্তমান পূর্ণ ঠিকানা ও ফোন নম্বর
(বাসা ও চেম্বার) মোবাইল নম্বর :
- ৫। স্থায়ী ঠিকানা :
- ৬। জাতীয়তা :
- ৭। জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) নং :
- ৮। জন্ম তারিখ :
- ৯। শিক্ষাগত যোগ্যতা :

ক্র: নং	পরিষ্কার নাম	পাশের সন	অর্জিত বিভাগ/শ্রেণী	বোর্ড/বিশ্ববিদ্যালয়
১	২	৩	৪	৫

- ১০। অভিজ্ঞতা :
- ১১। আইনজীবী হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল কর্তৃক
সনদ প্রাপ্তির তারিখ। :
- ১২। বাংলাদেশ সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার
সনদ প্রাপ্তির তারিখ :
- ১৩। স্থানীয় বার এ যোগদানের তারিখ :
- ১৪। আইনজীবী হিসাবে কনটেন্ট করেছেন এমন উল্লেখযোগ্য
মামলার(গত ৫ বছরে) সংক্ষিপ্ত বিবরণ আবেদনের সঙ্গে
দাখিল করতে হবে। :
- ১৫। ১০০/- টাকা মূল্যের পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট নং ও তারিখ :
- ১৬। প্রার্থী যে গ্রুপের মামলা/মোকদ্দমা পরিচালনা করতে আগ্রহী
তার বিবরণ (যে কোন একটি গ্রুপের নাম উল্লেখ করতে হবে) :

(আবেদনকারী প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের জন্য প্রয়োজনে সংযুক্তি প্রদান করতে পারবেন)।

আমি, এতদ্বারা ঘোষণা করছি যে, উপরোক্ত তথ্যাদি/দলিল পত্র সঠিক। চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের রেইট অব ফি মেনে নিয়ে আমি নিম্নস্বাক্ষরকারী চবক এর মামলা/মোকদ্দমা পরিচালনা করতে সম্মত আছি।

দাখিলকৃত দলিলাদির বিবরণ

আবেদনকারীর স্বাক্ষর